



বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।
website: www.bb.org.bd

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ

বিআরপিডি সার্কুলার লেটার নং-২২

১৯ আষাঢ় ১৪৩০
তারিখ: -----
০৩ জুলাই ২০২৩

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

**‘উত্তরা ব্যাংক লিমিটেড’ এর নাম পরিবর্তনপূর্বক
‘উত্তরা ব্যাংক পিএলসি.’ করা প্রসঙ্গে।**

কোম্পানী আইন, ১৯৯৪ এর ১১ক(ক) ধারার বিধান অনুযায়ী বাংলাদেশ ব্যাংক কর্তৃক ০৩ জুলাই ২০২৩ মোতাবেক ১৯ আষাঢ় ১৪৩০ রোজ সোমবার হতে তফসিলি ব্যাংকসমূহের তালিকায় ‘উত্তরা ব্যাংক লিমিটেড’ এর নাম ‘উত্তরা ব্যাংক পিএলসি.’ (ইংরেজীতে ‘UTTARA BANK PLC.’) হিসেবে পরিবর্তন করা হয়েছে। এতদ্বিষয়ে ০৩ জুলাই ২০২৩ তারিখে জারিকৃত প্রজ্ঞাপন নং- বিআরপিডি(এলএস-১)/৭৪৫(১১)/২০২৩-৫১১৮ এর অনুলিপি আপনাদের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

সংযুক্তি: ০১ (এক)।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ আলী আকবর ফরাজী)
পরিচালক (বিআরপিডি)
ফোন-৯৫৩০২৫২

বাংলাদেশ ব্যাংক

প্রজ্ঞাপন

তারিখ: ০৩ জুলাই ২০২৩ মোতাবেক ১৯ আষাঢ় ১৪৩০

সূত্র নং- বিআরপিডি(এলএস-১)/৭৪৫(১১)/২০২৩-৫১১৮।

বাংলাদেশ ব্যাংক অর্ডার, ১৯৭২ (রাষ্ট্রপতির ১৯৭২ সালের ১২৭ নম্বর আদেশ) এর 37(2)(c) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে বাংলাদেশ ব্যাংক কর্তৃক ০৩ জুলাই ২০২৩ মোতাবেক ১৯ আষাঢ় ১৪৩০ রোজ সোমবার হইতে তফসিলভুক্ত 'উত্তরা ব্যাংক লিমিটেড' এর নাম পরিবর্তনপূর্বক 'উত্তরা ব্যাংক পিএলসি.' (ইংরেজীতে 'UTTARA BANK PLC.') করা হইল।



(আবু ফরাহ মোঃ নাছের)

ডেপুটি গভর্নর